দৈনিক ইত্তেফাক

MAY 14 2002

# চুয়াডাঙ্গা সরকারী কলেজে অনার্স-মাষ্টার্স চালুর দাবীতে বিক্ষোভ মিছিল

চুয়াডাঙ্গা থেকে সংবাদদাতা ।। চুয়াডাঙ্গা সরকারী কলেজে অনার্স ও মাষ্টার্স কোর্স চালুর দাবীতে গত রবিবার শহরে এক বিক্ষোভ মিছিল বের হয়। ব্যানার ও ফেষ্টুন বহনকারী প্রায় ৪শ' ছাত্র-ছাত্রীর মিছিলটি শহরের প্রধান প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। কলেজটিতে অনার্স ও মাষ্টার্স কোর্স চালু করা এ কলেজের ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের দাবী। সরকারের শীর্ষ পর্যায়ে চেষ্টা তদবিরের অভাবেই কলেজটিতে অনার্স ও মাষ্টার্স কোর্স চালুর অনুমতি পাওয়া যাচ্ছে না বলে জানা যায়।